🌐 ওয়েবসাইট: banglabakaran.com 📘 ফেসবুক পেজ: WBCS Bengali Compulsory Paper 18,000+ Followers

📢 নোটস + কারেন্ট টপিকস স্পেশাল অ্যাক্সেস মাত্র ₹8.33 / মাস ₹100 / বছর (Website Access) WhatsApp: 8537872204

🏆 ১৮,০০০+ ছাত্রছাত্রীর ভরসা — পশ্চিমবঙ্গের ১ নম্বর বাংলা প্ল্যাটফর্ম

WBCS Descriptive বাংলা | সম্পাদককে পত্র

বিষয়: মাদকমুক্ত, সুস্থ সমাজ গঠনের আবশ্যিকতা ও যুবসমাজের অবক্ষয় রোধ

মান: ৪০ **ফরম্যাট:** আদর্শ খসড়া উত্তর

💡 **বিশেষ দ্রষ্টব্য:** ছাত্রছাত্রীদের কাছে যাতে বিষয়টি সংক্রান্ত সর্বাধিক তথ্য ও প্রয়োজনীয় পয়েন্ট পৌঁছায়, সেই উদ্দেশ্যে এখানে শব্দসংখ্যা কিছুটা বেশি রেখে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পরীক্ষার সময় প্রয়োজন অনুযায়ী এটি সংক্ষেপ করে লেখা যেতে পারে।

মাননীয় সম্পাদক মহাশয় সমীপেষু—
আনন্দবাজার পত্রিকা
৬, প্রফুল্ল সরকার স্ট্রিট
কলকাতা—৭০০০০১

বিষয়: "মাদকমুক্ত, সুস্থ সমাজ"

মহাশয়,

আপনার বহুল প্রচারিত পত্রিকার মাধ্যমে বর্তমান সময়ের অত্যন্ত জরুরি বিষয় "মাদকমুক্ত, সুস্থ সমাজ" সম্পর্কে আমার অভিমত ব্যক্ত করতে চাই। আশা করি, আপনার অনুগ্রহ থেকে বঞ্চিত হব না।

আমরা বিজ্ঞানকে হাতিয়ার করেছি বহু বছর আগেই, ভাসিয়েছি উন্নয়নের স্রোতে গা। আমাদের জীবন হয়েছে সুখকর ও আনন্দদায়ক। ঠিক তেমনই আধুনিক সভ্যতার কিছু চারিত্রিক বৈশিষ্ট্য সমাজে তৈরি করেছে এক জটিল বন্ধ্যাত্বের আবহ, যা মানুষের মন থেকে মনন—সবক্ষেত্রেই ক্রিয়াশীল। যৌথ পরিবার ভেঙে গিয়ে ঘরে ঘরে নিউক্লিয়ার ফ্যামিলির সংস্কৃতি গড়ে উঠেছে, জীবনের প্রতিক্ষেত্রে মিশে গিয়েছে তীব্র প্রতিযোগিতা। আর সেই প্রতিযোগিতায় টিকে থাকতে গিয়ে আমরা নিঃসঙ্গতা, হতাশা ও একাকীত্বকে আপন করে নিয়েছি। ঠিক এই সুযোগকেই কাজে লাগিয়ে কিছু গোপন চক্র যুবসমাজের হাতে তুলে দিচ্ছে মারাত্মক মাদক। এই মাদকের নেশা শুধু ব্যক্তির সম্ভাবনাময় জীবনকেই ধ্বংস করে না, তা পরিবার, সমাজ তথা সমগ্র জাতিকেই গ্রাস করে নিতে চায়। এমনকি এর সঙ্গে আন্তর্জাতিক মাফিয়া চক্রও গভীরভাবে জড়িত।

তরুণরাই যেহেতু দেশের ভবিষ্যৎ, তাই ষড়যন্ত্রকারীদের প্রথম লক্ষ্য দেশের যুবশক্তি। এদেরকে মাদকের জালে জড়িয়ে পঙ্গু ও অসাড় করে সমাজের মেরুদণ্ডকেই ভেঙে দিতে চাইছে স্বার্থান্বেষী চক্রান্তকারীদের একটি অংশ। এই মাদকের নেশা সমাজের পক্ষে এক চরম অভিশাপ। সাময়িক আনন্দলাভের আশায় মানুষ নেশায় আসক্ত হয়, কিন্তু এই সর্বনেশে নেশাই ধীরে ধীরে তার জীবনকে দুর্বিষহ করে তোলে; যার সর্বশেষ পরিণতি অকালমৃত্যু। বহু সময় দেখা গিয়েছে পারিবারিক কিংবা পেশাগত জীবনে কলহ ও মানসিক অশান্তি মানুষকে মাদক গ্রহণের পথে ঠেলে দেয়; কখনো বা জীবনের ব্যর্থতার গ্লানি ঢাকতে মানুষ আশ্রয় নেয় মাদকের।

আমাদের জেনে রাখা ভালো যে, যেকোনো ধরনের মাদকই মানুষের শরীর তথা মনের উপর ক্ষণস্থায়ী এবং দীর্ঘকালীন প্রভাব বিস্তারে সক্ষম। ক্ষণস্থায়ী প্রভাব হিসেবে মাদক গ্রহণের ফলে মস্তিষ্কে ডোপামিন ক্ষরণের মাধ্যমে ব্যক্তি সাময়িক কৃত্রিম আনন্দ পেতে পারে। তবে ধীরে ধীরে মাদক যখন চরম আসক্তিতে রূপ নেয়, তখন তা স্নায়ুতন্ত্র ও শারীরিক কার্যক্ষমতায় নানাবিধ অপরিবর্তনীয় ও জটিল সমস্যার সৃষ্টি করে।

তাই এই গভীর উদ্বেগের ক্ষেত্রে প্রথম ও প্রধান হাতিয়ার হলো ব্যাপক জনসচেতনতা। সমাজের প্রতিটি মানুষকে বোঝাতে হবে যে, মাদক আসলে মৃত্যুরই সমার্থক। পরিবারে অভিভাবকদের সঙ্গে সন্তানদের খোলামেলা ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলতে হবে; বজায় রাখতে হবে স্বাভাবিক ও আনন্দদায়ক পরিবেশ। পরিবারের কোনো সদস্য মাদকাসক্ত হয়ে পড়লে তাকে অবহেলা না করে, সেই পরিস্থিতি থেকে বের করে আনতে পরিবারের সকলের সর্বাত্মক মানবিক প্রয়াস প্রয়োজন। এক্ষেত্রে সহানুভূতি ও ভালোবাসার পাশাপাশি দীর্ঘমেয়াদি বিজ্ঞানসম্মত চিকিৎসার ব্যবস্থা করা দরকার। সর্বোপরি প্রয়োজন সরকারি স্তরে মাদক পাচার রোধে কঠোর নজরদারি ও প্রশাসনিক পদক্ষেপ; সেই সঙ্গে গণমাধ্যমকেও সক্রিয় ভূমিকা পালন করে সমাজের প্রতিটি স্তরে মাদকবিরোধী বার্তা ছড়িয়ে দিতে হবে।

তারিখ — ২০.০৩.২০২৬
স্থান — ক

বিনীত,
খ

নিয়মিত আলোচনা ও ফ্রি স্টাডি মেটেরিয়ালের জন্য যুক্ত থাকুন:
👍 WBCS Bengali Compulsory Paper (18,000+ Followers)
অফিসিয়াল পোর্টাল: banglabakaran.com | WhatsApp হেল্পলাইন: 8537872204

WBCS Bengali Compulsory Paper | Notes + Current Topics Access ₹8.33/month (₹100/year) | WhatsApp: 8537872204